

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১

স্মারক নং- ১২.২১.০০০০.০০০.০০৫.২৭.০০০২.২৫.২০১৬

তারিখ: ২৪-১১-২০২৫

বিষয়ঃ ড. ইমরুল মোছাদ্দেক আহমেদ BARI0420, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুরকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে “বরখাস্ত” গুরুত্ব প্রদানের নিমিত্ত একই প্রবিধানমালার ৫২ (৬) উপ-প্রবিধি মোতাবেক ২য় কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু আপনি ড. ইমরুল মোছাদ্দেক আহমেদ BARI0420, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর ২২-০১-২০২৫ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় এবং ড. ইমরুল মোছাদ্দেক আহমেদ BARI0420, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা-কে Florida Agricultural and Mechanical University, Tallahassee, Florida, USA-তে Post Doctoral Fellowship কোর্সে অংশগ্রহণের জন্য কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০৬২.১৯.০১৪.২১.৫৪৪ তারিখঃ ২৭-১০-২০২২ মোতাবেক ২২-০১-২০২৩ হতে ২১-০১-২০২৫ খ্রি. পর্যন্ত শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়। আপনি উক্ত ছুটি ভোগ শেষে কর্মস্থলে যোগদান না করে ০৬-০২-২০২৫ হতে ০৫-০২-২০৩০ পর্যন্ত ০৫ (পাঁচ) বছর লিয়েন ছুটি মঞ্জুরের আবেদন করেন। শিক্ষা ছুটি সংক্রান্ত বন্ড/চুক্তির শর্ত মোতাবেক ছুটি শেষে কর্মস্থলে যোগদান ব্যতিত তাঁর লিয়েন ছুটি মঞ্জুরের সুযোগ না থাকায় কর্তৃপক্ষ কর্তৃক লিয়েন না মঞ্জুর হয়েছে মর্মে ইনস্টিটিউটের স্মারক নং- ১২.২১.০০০০.০০৫.৭০. ৩১৬.১৮.২৮৪৯ তারিখঃ ২২-০১-২০২৫ মোতাবেক তাঁকে পত্র মারফত জানিয়ে দেয়া হয়। পরবর্তীতে ০৬-০৪-২০২৫ তারিখে অসুস্থতা জনিত কারণে ০৬-০২-২০২৫ হতে ০৫-০২-২০২৬ পর্যন্ত ০১ (এক) বছর চিকিৎসা ছুটি মঞ্জুরের জন্য আবেদন করেন, আপনার আবেদনটি বিধি সম্মত না হওয়ায় কর্তৃপক্ষ কর্তৃক না মঞ্জুর হয়েছে মর্মে ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০০.০০৫.৭০.৩১৬.১৮.৪৪৫৯ তারিখঃ ০৬-০৫-২০২৫ মোতাবেক তাঁকে পত্র মারফত জানিয়ে দেয়া হয়। কিন্তু আপনি উক্ত শিক্ষা ছুটি ভোগ শেষে কর্মস্থলে যোগদান না করে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অননুমোদিতভাবে ২২-০১-২০২৫ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক “অসদাচরণ ও পলায়ন” কার্যক্রমের অভিযোগে অভিযুক্ত করে ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০০.০০৫.৭০.৩১৬.১৮.৪৪৮২; তারিখঃ ১৯-০৬-২০২৫ মোতাবেক বিভাগীয় মামলা রুজু করতঃ অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরণী জারি করা হয় ও ১০ কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জবাব প্রেরণ এবং ব্যক্তিগত শুনানীতে অগ্রহী কিনা তা জানানোর জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু আপনার বিরুদ্ধে জারিকৃত ১ম কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে দাখিলকৃত লিখিত জবাব এবং গৃহিত ব্যক্তিগত শুনানি সন্তোষজনক প্রতিপন্ন না হওয়ায় তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত তার বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ইনস্টিটিউটের স্মারক নং- ১২.২১.০০০০.০০০.০০৫.২৭.০০০২.২৫.১৬০২ তারিখঃ ২৬-১০-২০২৫ মোতাবেক ড. মো. আবুল খায়ের মিয়া BARI0183, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুরকে সভাপতি করে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক “অসদাচরণ ও পলায়ন” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে সেহেতু উক্ত প্রবিধানমালার ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকরি হতে “বরখাস্ত” করা হবে না অথবা অন্য কোন গুরুত্ব প্রদান করা হবে না এ বিষয়ে নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শাতে নির্দেশ দেয়া হলো।

সংযুক্তঃ তদন্ত প্রতিবেদন।

স্বাক্ষরিত/-

(ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ)

মহাপরিচালক

ফোনঃ ০২-৪৯২৭০০০০

ড. ইমরুল মোছাদ্দেক আহমেদ BARI0420,
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর।
ইমেইলঃ kbdimrul@yahoo.com

ড. ইমরুল মোছাদ্দেক আহমেদ
পিতা-মৃত মোরশেদ উদ্দিন আহমেদ
গ্রাম-তসরা, পোঃ কালেঞ্জা, থানা- নান্দাইল, জেলা- ময়মনসিংহ।

স্মারক নং- ১২.২১.০০০০.০০০.০০৫.২৭.০০০২.২৫.২০১৬

তারিখ: ২৪-১১-২০২৫

অনুলিপিঃ-

- ১। পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন), বারি, গাজীপুর
- ২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর
- ৪। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, গাজীপুর
- ৫। **রেজি./এডিঃ** ড. ইমরুল মোছাদ্দেক আহমেদ, পিতা-মৃত মোরশেদ উদ্দিন আহমেদ, গ্রাম-তসরা, পোঃ কালেঞ্জা, থানা- নান্দাইল, জেলা- ময়মনসিংহ
- ৬। **রেজি./এডিঃ** Florida Agricultural and Mechanical University, 6505 Mahan Drive, Tallahassee, Florida, USA (FL-32317) (E-mail: mehboob.sheikh@famuedu)
- ৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
- ৮। এসিআর সেল/কম্পিউটার সেল
- ৯। ব্যক্তিগত নথি/মাস্টার ফাইল/সংশ্লিষ্ট নথি।

(মোঃ মিজানুর রহমান খন্দকার)
উপ-পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৪৯২৭০০১০/৫৩০৬